

এপিএ র্যাংকিংয়ে দ্বিতীয় হওয়ায় শাবিপ্রবিকে পুরস্কৃত করল ইউজিসি

শাবিপ্রবি প্রতিনিধি

২৩ জুন ২০২৪, ০৮:০২ পিএম



শিক্ষামন্ত্রীর হাত থেকে পুরস্কার গ্রহণ করেন শাবিপ্রবির উপাচার্য। ছবি: আমাদের সময়

বার্ষিক কর্মসম্পাদক চুক্তি (এপিএ) র্যাংকিংয়ে ২০২২-২৩ সেশনে দ্বিতীয় স্থান অর্জন করায় শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়কে (শাবিপ্রবি) পুরস্কৃত করেছে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)।

আজ রবিবার ইউজিসি কার্যালয়ের সম্মেলন কক্ষে প্রধান অতিথি শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরীর হাত থেকে পুরস্কার গ্রহণ করেন শাবিপ্রবির উপাচার্য অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ।

অনুষ্ঠানে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান (অতিরিক্ত দায়িত্ব) অধ্যাপক ড. মুহাম্মদ আলমগীরের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে শিক্ষা প্রতিমন্ত্রী শামসুন নাহার চাঁপা, বিমকের সদস্য, সকল বিশ্ববিদ্যালয়ের উপাচার্যগণ, কোষাধ্যক্ষ, রেজিস্ট্রার, এপিএর ফোকাল পয়েন্টগণ উপস্থিত ছিলেন।

এ নিজের অনুভূতি জানিয়ে উপাচার্য অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ বলেন, গতবছর ২০২২-২৩ সেশনে ৪৭টি বিশ্ববিদ্যালয়ের মধ্যে আমাদের বিশ্ববিদ্যালয় দ্বিতীয় স্থান অর্জন করেছে। সেজন্য বিমকের পক্ষ থেকে প্রথম তিনটি বিশ্ববিদ্যালয়কে পুরস্কৃত করা হয়। আশা করছি এ অর্জন টেকসই উন্নয়ন ও স্মার্ট বাংলাদেশ গঠনে সহায়ক ভূমিকা পালন করবে। আশা করছি আগামীতে আমরা প্রথম স্থান অর্জন করব।

উল্লেখ্য, ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ৬টি লক্ষ্যমাত্রা বাস্তবায়ন করে দেশের ৪৭টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের মধ্যে ৯৭ দশমিক ৯১ স্কোর পেয়ে দ্বিতীয় স্থান অর্জন করে শাবিপ্রবি।